



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩২২১০৭১৬১১/লক্ষ্মীপুর-৭৫/ ২৪৮

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

তাগিদ পত্র

বিষয়: কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- সূত্র: ১. নং-বামাশিবো/প্রশা/২৩৩২২১০৭১৬১১/লক্ষ্মীপুর-৭৫/১০৮; তারিখ: ২৩/০৬/২০২২
 ২. নং-০৫.৪২.৫১৩৩.০০১.০৩.০১৯.২১-৫৭৫; তারিখ: ১৬ আগস্ট ২০২২
 ৩. নং-০৫.৪২.৫১০০.০১৯.৩২.০৬৯(১).২২-২৪৩; তারিখ: ১৮ জুলাই ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, লক্ষ্মীপুর জেলার কমলনগর উপজেলাধীন চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা ম্যানেজিং কমিটি বিধিবহির্ভূতভাবে গঠন, অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিলকরণ ও ভারপ্রাপ্ত সুপারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অভিভাবক সদস্য জনাব মো: সিরাজ ও জনাব মোহাম্মদ ইউসুফ আলী অত্র বোর্ডে অভিযোগ দায়ের করেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার কমলনগর, লক্ষ্মীপুর-কে সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র দেওয়া হলে উপজেলা নির্বাহী অফিসার তদন্ত করে সূত্রোক্ত ২ নং স্মারকে ও জেলা প্রশাসক লক্ষ্মীপুর তদন্তকারী কর্মকর্তার সাথে একমত পোষণ করে সূত্রোক্ত ৩ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির নির্বাচন উপলক্ষ্যে প্রদত্ত নোটিশ, খসড়া ভোটার তালিকা কোন শ্রেণিতে পড়ে শুনিয়েছেন তার উল্লেখ নেই। নোটিশ বহিতে শুধু এ নির্বাচন সংক্রান্ত ছাড়া অন্য কোন নোটিশ লিপিবদ্ধ না থাকা অসামঞ্জস্যপূর্ণ। কমিটির প্রবিধান যথাযথভাবে মেনে নির্বাচন সংক্রান্ত নোটিশ প্রচার করতে ব্যর্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়। যার ফলে অনেকেই মনোনয়ন দাখিল করতে না পারায় একক মনোনয়ন দাখিল করা হয়েছে এবং বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ার সুযোগ পেয়েছেন। বিশেষভাবে উল্লেখ্য, নবগঠিত কমিটির ০৪ (চার) সদস্য তদন্তকালীন সময়ে জিজ্ঞাসাবাদে নির্বাচন মনোনয়ন দাখিল ও তৎপরবর্তী কাজ সম্পর্কে কোন কিছুই বলতে পারেননি। অতএব, অভিযোগকারীদের নির্বাচন পূর্ববর্তী প্রকাশ ও প্রচার না করার অভিযোগটি সত্য মর্মে তদন্তে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার মতামত অনুযায়ী উক্ত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন ভারপ্রাপ্ত সুপারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাগ্রহণসহ অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙে দেওয়া হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৬.১০.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৬/১০/২২

সুপার/ সভাপতি (পরিচালনা কমিটি)
চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
কমলনগর, লক্ষ্মীপুর।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২২১০৭১৬১১/লক্ষ্মীপুর-৭৫/ ২৪৮(৬)

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর;
৫. জনাব মো: সিরাজ (অভিযোগকারী), উত্তর চর মার্টিন, ডাকঘর- মুন্সিগঞ্জ-৩৭৩১, কমলনগর, লক্ষ্মীপুর;
৬. জনাব মোহাম্মদ ইউসুফ আলী (অভিযোগকারী ও রিটকারী), চরভূতা, ডাকঘর- ভবানীগঞ্জ, সদর, লক্ষ্মীপুর;
(রিট পিটিশন নং-৮১০২/২০২২ মামলা বিষয়ে বোর্ড কর্তৃক গৃহীত পদক্ষেপ অবহিত করা হলো);
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।


২৬/১০/২২

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৬/১০/২২